

Date: 22/11/2016

অসাধু কাজকর্ম

RBI/2016-17/147

DCM (Plg) No.1341/10.27.00/2016-17

নভেম্বর 22, 2016

চেয়ারম্যান / প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক,
রাষ্ট্রীয়ত (সরকারি) ব্যাঙ্ক সমূহ/ প্রাইভেট সেক্টর (বেসরকারি) ব্যাঙ্ক সমূহ / বিদেশি ব্যাঙ্ক সমূহ /
আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক সমূহ / শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক সমূহ /
রাজ্য সমবায় ব্যাঙ্ক সমূহ / জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক সমূহ

মহাশয়া /প্রিয় মহাশয়,

₹ 500/- এবং ₹ 1000/- বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোট (এসবিএন)-এর আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার - অসাধু কর্মকান্ড

আমাদের নজরে এসেছে যে কিছু স্থানে, এসবিএন-এর বিনিময়ে নগদ/ অ্যাকাউন্টে এসবিএন জমা নেওয়া সংক্রান্ত বিষয়ে কিছু ব্যাঙ্ক শাখা কর্মচারীগণ কিছু দুষ্কৃতীর সাথে অশুভ বোঝাপড়ার মাধ্যমে অসাধু কর্মকান্ডে জড়িত হচ্ছে।

2. ব্যাঙ্কসমূহকে একারণে এই বিষয়টি নিশ্চিত করতে নির্দেশ দেওয়া হচ্ছে যে এরূপ অসাধু কর্মকান্ড যেন ব্যাপক নজরদারির (ভিজিলেন্স) প্রয়োগ মারফত অবিলম্বে বন্ধ হয় এবং এরূপ কার্যে জড়িত কর্মচারীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নেওয়া হয়।

3. ব্যাঙ্কসমূহ এসবিএন-এর বিনিময় তার সাথে এইসকল নোটগুলিকে তাদের গ্রাহকগণের অ্যাকাউন্টে জমা নেওয়া সংক্রান্ত ব্যাপারে জারিকৃত নির্দেশবিধিগুলির কঠোর অনুপালন নিশ্চিত করবো এই মর্মে, ব্যাঙ্কশাখাগুলির নিম্নলিখিত বিষয়গুলিতে সঠিক খতিয়ান রাখা আবশ্যিক:

- i. নভেম্বর 10, 2016 থেকে প্রত্যেক আমানতকারী বা ঋণ-সংক্রান্ত গ্রাহকের অ্যাকাউন্টে জমা হওয়া বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোটের মূল্যমান অনুযায়ী বিস্তারিত তথ্য(ডিনোমিনেশন-ওয়াইজ ডিটেলস) এবং সমষ্টিগতভাবে এসবিএন-এর আওতা বহির্ভূত(নন-এসবিএন) নোটের রাশিমূল্য।
- ii. নিয়মিত গ্রাহক বা আকস্মিক(ওয়াক-ইন) গ্রাহকদের দ্বারা বিনিময় করা এসবিএন-এর উপর গ্রাহক-ভিত্তিক ও মূল্যমান-ভিত্তিক খতিয়ান।

ব্যাঙ্কসমূহ এইসকল বিস্তারিত তথ্যাদি এমনভাবেই প্রস্তুত রাখবে যাতে তারা সেগুলি তাৎক্ষণিক চাহিদার ভিত্তিতে অবিলম্বে প্রদান করতে পারে।

4. অনুগ্রহ করে প্রাপ্তিস্বীকার করুন

আপনার বিশ্বস্ত,

(পি বিজয় কুমার)

মুখ্য মহা প্রবন্ধক